

ডিও নং-বিআইজিএম/এসইআইপি/টি-৩-২০২১/২০২১-২৪৫

তারিখ: ২৬/১০/২০২১খ্রি.

বিষয়: “Policy Analysis” শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ১৪তম ব্যাচের কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।

*সিনিয়র সচিব*

আন্তরিক শুভেচ্ছা নিবেন।

*৩০ (টি-৩)  
Tareque  
Secretary  
29.10.2021*

২। আপনি জেনে আনন্দিত হবেন যে, BIGM - এ Policy Analysis কোর্সের ১৪তম ব্যাচের প্রশিক্ষণ আগামী ১৮ ডিসেম্বর ২০২১খ্রি. হতে শুরু হতে যাচ্ছে। বাংলাদেশের উন্নয়ন গতিধারাকে আরও উন্নতস্তরে নিয়ে যাওয়া এবং তাকে আরও বেগবান করার জন্য দক্ষ, উদ্যোগী ও সৃজনশীল প্রশিক্ষিত কর্মকর্তা একান্ত আবশ্যিক।

৩। সার্বিক জনপ্রশাসনের ও সংশ্লিষ্ট বেসরকারী খাতের কর্মকর্তাদের মধ্যে এই উন্নততর দক্ষতা ও চিন্তার স্ক্রুণ ঘটানোর লক্ষ্যে এ কোর্সটির আয়োজন করা হচ্ছে। গত ০১ শ্রাবণ ১৪২৬/ ১৬ জুলাই ২০১৯ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওয়া - ২ অধিশাখা হতে জারীকৃত “প্রতিটি মন্ত্রণালয়/বিভাগে Reform Management and Policy Research (RM & PR) ইউনিট সৃজনে প্রমিত পদবিন্যাস কেন্দ্রীয়ভাবে নির্ধারণ সম্পর্কিত” বিষয়ে ০৫.০০.০০০.১৫১.০৬.০২৩.১৭-১৫১ সংখ্যক পরিপত্রের প্রেক্ষিতে Policy Research -এ নিয়োজিতব্য কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নে এই প্রশিক্ষণটি অতীব গুরুত্বপূর্ণ।

৪। প্রশিক্ষণটি মোট ১০ সপ্তাহব্যাপী হবে। এর মধ্যে ১ম ৬ সপ্তাহে জননীতির বিভিন্ন বিষয় সম্পর্কে প্রশিক্ষণার্থীদেরকে ধারণা দেয়া হবে। পরবর্তী ৩ সপ্তাহে প্রত্যেক প্রশিক্ষণার্থী একটি Policy বিষয়ক প্রতিবেদন তৈরি করবেন। ১০ম সপ্তাহে প্রশিক্ষণার্থী চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন করবেন। এই প্রতিবেদনটির গুণগত মান, প্রতিটি Module-এ ব্যক্তিগত/সমষ্টিগত এসাইনমেন্ট ও ক্লাস/সেমিনারে অংশগ্রহণের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাকে মূল্যায়ন করা হবে। এখানে উল্লেখ্য :

- প্রতি ব্যাচের ফলাফলে শীর্ষস্থান অধিকারী ৬-৮ জন (৪ অনুপাত ১ হারে) কর্মকর্তাকে দুই সপ্তাহের জন্য বিদেশে নীতিবিষয়ক উচ্চতর প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে।
- প্রতিবছর প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সর্বোত্তম বিবেচিত প্রতিবেদনসমূহের সমন্বয়ে একটি বার্ষিক জার্নাল প্রকাশ করা হবে।
- প্রশিক্ষণটি সপ্তাহে ০৫দিন শনিবার থেকে বুধবার সকাল ৯:০০টা থেকে বিকেল ০৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিন যাতায়াত ভাতা হিসেবে ৬০০ টাকা করে প্রদান করা হবে এবং প্রশিক্ষণার্থীদের সকাল-বিকাল চা-চফ্রা ও দুপুরের খাবারের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও Policy বিষয়ক প্রতিবেদন তৈরি করার জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা প্রদান করা হবে।
- মনোনীত সরকারি কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন ১০ সপ্তাহ BIGM - এ সংযুক্ত থাকবেন।

৫। আপনি অবহিত আছেন যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় এবং তাঁদের সহযোগিতায় এই প্রশিক্ষণ কোর্সটির আয়োজন করা হচ্ছে। এই কোর্সটিতে সিনিয়র সহকারী সচিব, উপ-সচিব বা যুগ্ম-সচিব পর্যায়ে BCS ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ (বয়স অনূর্ধ্ব ৫২ বছর) আবেদন করতে পারবেন।

৬। এমতাবস্থায়, আগামী ১৮ ডিসেম্বর ২০২১খ্রি. থেকে অনুষ্ঠিত “Policy Analysis” শীর্ষক প্রশিক্ষণ কোর্সটির ১৪তম ব্যাচের জন্য সিনিয়র সহকারী সচিব/ উপ-সচিব/ যুগ্ম সচিব (বয়স অনূর্ধ্ব ৫২ বছর) পদমর্যাদার বা সমমর্যাদার কমপক্ষে ৭ জন নারী কর্মকর্তাসহ উপযুক্ত ২৪ জন কর্মকর্তা মনোনয়নের লক্ষ্যে ৩০ জন কর্মকর্তার একটি প্যানেল প্রস্তুত করার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

*সিনিয়র সচিব*

কে এম আলী আজম  
সিনিয়র সচিব  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০।

*ড. মোহাম্মদ তরেক*

(ড. মোহাম্মদ তরেক)

সাবেক অর্থসচিব

ও

পরিচালক, বিআইজিএম।